শ্রম অধিদপ্তর  বৃটিশ ভারত বিধির মাধ্যমে স্থাপিত হয়েছিল।প্রাথমিকভাবে রাষ্ট্রীয় প্রতিষ্ঠান হিসেবে দায়িত্ব ছিল শ্রমিক ও তাদের পরিবারের কল্যাণ নিশ্চিত করাসহ শ্রমিক মালিকের মধ্যে সুসম্পর্ক স্থাপন।তারই ধারাবাহিকতায় সারা বাংলাদেশে ৩২ টি শ্রম কল্যাণ কেন্দ্র প্রতিষ্ঠা করা হয়েছে। ১৯৮০ সালে শ্রম কল্যাণ কেন্দ্র, ঘোড়াশাল,পলাশ, নরসিংদীতে  ০.৪১ একর জমির উপরে শ্রম কল্যাণ কেন্দ্র,অফিস ভবণ নির্মাণ করা হয়। প্রতিষ্ঠালগ্ন থেকে এ দপ্তর  শিল্প প্রতিষ্ঠানে কর্মরত শ্রমিক ও তাদের পরিবারের সদস্যদের বিনামূল্যে স্বাস্থ্যসেবা এবং ঔষধ বিতরণ,পরিবার পরিকল্পনা সম্পর্কে সচেতনতা বৃদ্ধি, বিনামূল্যে জন্মনিয়ন্ত্রন সামগ্রী বিতরণ ও শ্রমিকদের চিত্ত বিনোদন সেবা প্রদান করে থাকে।এছাড়া বর্তমানে বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফাউন্ডেশন তহবিল হতে শ্রমিক ও তাদের পরিবারের সদস্যদের চিকিৎসা বা মৃত্যুতে এবং তাদের মেধাবী সন্তানদের উচ্চ শিক্ষার জন্য আর্থিক অনুদান বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা করে গ্রহণ থাকে।শ্রম কল্যাণ কেন্দ্র, ঘোড়াশাল,পলাশ, নরসিংদীতে মোট ১৫ কর্মকর্তা-কর্মচারী নিয়ে গঠিত; যেখানে সিনিয়র মেডিকেল অফিসার প্রধান নির্বাহী কর্মকর্তা।